



১৪ এপ্রিল থেকে কৃষক কার্ড বিতরণ কার্যক্রম শুরু রাষ্ট্রপতি



মো. সাহাবুদ্দিন। ছবি: সংগৃহীত

রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন জানিয়েছেন, ১৪ এপ্রিল থেকে ধাপে ধাপে কৃষক কার্ড বিতরণ শুরু হবে। তিনি এই ঘোষণা দিয়েছেন জাতীয় পাট দিবস ২০২৬ উপলক্ষে শুক্রবার (৬ মার্চ) ওসমানী স্মৃতি মিলনায়তনে আয়োজিত অনুষ্ঠানে।

রাষ্ট্রপতি বলেন, বাংলাদেশের গণতন্ত্র হাজারো শহীদের আত্মত্যাগের ফল। দেশের উন্নয়ন ও স্বাবলম্বিতা নিশ্চিত করতে জ্ঞান, বিজ্ঞান ও প্রযুক্তিতে আরও এগিয়ে যেতে হবে। তিনি একটি স্বনির্ভর বাংলাদেশ গড়ে তোলার গুরুত্ব আরোপ করেন।

চাষিদের উদ্দেশে তিনি বলেন, উন্নত প্রযুক্তি ও উচ্চ ফলনশীল পদ্ধতি ব্যবহার করে পাট চাষ করুন। বাজারের চাহিদা অনুযায়ী আধুনিক, মানসম্মত এবং ব্যবহার উপযোগী স্বাস্থ্য পণ্য উদ্ভাবনে এগিয়ে আসুন। এছাড়া পাটের ব্যাগ কম খরচে তৈরি ও বাজারজাত করার ওপর গুরুত্বারোপ করেন।

রাষ্ট্রপতি তরুণ প্রজন্মকে আহ্বান জানান, স্টার্টআপ এবং উদ্ভাবনের মাধ্যমে 'মেড ইন বাংলাদেশ' ব্র্যান্ড তৈরি করে আন্তর্জাতিক ই-কমার্স প্ল্যাটফর্মে অংশ নিন এবং নতুন সম্ভাবনার দ্বার উন্মোচন করুন।